গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.৯৯.০২৪.১৯ (অংশ-২)-২০৭

তারিখ : ১০ চৈত্র ১৪২৭ / ২৪ মার্চ ২০২১

## পরিপত্র

বিষয় : ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে নির্বাচনি এলাকায় উন্নয়নমূলক প্রকল্প অনুমোদন ও প্রকল্পের অর্থ অনুমোদন না করা এবং নির্বাচনী আচরণবিধি পরিপন্থী কার্যক্রম গ্রহণ না করা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন ১ম ধাপে ৩৭১টি ইউনিয়ন পরিষদে ১১ এপ্রিল ২০২১ তারিখে নির্বাচন অনুষ্ঠানের জন্য ০৪ মার্চ ২০২১ তারিখে সময়সূচি ঘোষণা করেছে। অবশিষ্ট ইউনিয়ন পরিষদের নির্বাচনের সময়সূচি পর্যায়ক্রমে ঘোষণা করা হবে। ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে নির্বাচনি এলাকায় উন্নয়নমূলক প্রকল্প অনুমোদন ও প্রকল্পের অর্থ অনুমোদন না করা এবং নির্বাচনী আচরণবিধি পরিপন্থী কার্যক্রম গ্রহণ না করার বিষয়ে নির্বাচন কমিশন নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করেছেন:

(ক) ইউনিয়ন পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর বিধি-৪ অনুযায়ী নির্বাচন-পূর্ব সময়ে অর্থাৎ নির্বাচনি তফসিল ঘোষণার তারিখ হতে নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের তারিখ পর্যন্ত কোন প্রার্থী বা প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তার পক্ষ হতে রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান নির্বাচন-পূর্ব সময়ে সংশ্লিষ্ট ইউনিয়ন এলাকায় অবস্থিত কোন প্রতিষ্ঠানে প্রকাশ্যে বা গোপনে কোন প্রকার চাঁদা বা অনুদান প্রদান করতে বা প্রদানের অঙ্গীকার করতে পারবে না।

(খ) নির্বাচনকে প্রভাবমুক্ত রাখার লক্ষ্যে নির্বাচন কমিশন ইউনিয়ন পরিষদ নির্বাচন সমাপ্ত না হওয়া পর্যন্ত নির্বাচনী এলাকায় কোন প্রার্থী সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের কোন সম্পত্তি তথা অফিস, যানবাহন, মোবাইল ফোন, টেলিফোন, ওয়াকিটকি বা অন্য কোন সুযোগ সুবিধা নির্বাচনের কাজে ব্যবহার করতে পারবে না। এমনকি মাশুল প্রদান করেও এগুলো ব্যবহার করা যাবে না। ইউনিয়ন পরিষদের কোন কর্মকর্তা/কর্মচারীকে কোন অবস্থাতেই নির্বানের কাজে ব্যবহার করা যাবে না। তাছাড়া কোন প্রার্থী ইউনিয়ন পরিষদের দরপত্র আহবান, গ্রহণ কিংবা বাতিলের বিষয়েও সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে না।

(গ) ইউনিয়ন পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর বিধি-২৫ অনুসারে নির্বাচনকে প্রভাবমুক্ত রাখার লক্ষ্যে নির্বাচন কার্যক্রম সমাপ্ত না হওয়া পর্যন্ত নির্বাচনী এলাকায় নতুন ধরনের কোন প্রকার অনুদান কার্যক্রম স্থগিত রাখতে হবে। একই সাথে নির্বাচনপূর্ব সময়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা সাধারণ ওয়ার্ডের সদস্য বা সংরক্ষিত ওয়ার্ডের সদস্য বা অন্য কোন পদাধিকারী সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ এলাকায় উন্নয়নমূলক কোন প্রকল্প অনুমোদন বা ইত:পূর্বে অনুমোদিত কোন প্রকল্পে অর্থ অবমুক্ত বা প্রদান করতে পারবে না। নির্বাচনী কার্যক্রম সমাপ্ত না হওয়া পর্যন্ত নির্বাচনি এলাকায় অনুদান/ত্রাণ বিতরণ সংক্রান্ত কার্যক্রম বা উন্নয়নমূলক কোন প্রকল্প অনুমোদন বা উন্নয়নমূলক কোন প্রকল্প অনুমোদন করা যাবেনা। তবে পূর্বে অনুমোদিত ও চলমান প্রকল্পসমূহের অর্থ অবমুক্ত, অর্থছাড় ও বিল পরিশোধ, অনুমোদিত প্রকল্পের প্রশাসনিক আদেশ জারী, চলমান প্রকল্পের মেয়াদ বৃদ্ধি, প্রকল্পের খাত পরিবর্তন (রাজস্ব-মূলধন) এবং অন্যান্য কার্যক্রম গ্রহণ/কার্যাদি সম্পাদন অথবা আচরণ বিধি প্রতিপালনপূর্বক চলমান প্রকল্পের দৈনন্দিন কার্যক্রম গ্রহণে নির্বাচন কমিশনের সম্মতির প্রয়োজন নেই।

০২। এমতাবস্থায়, নির্বাচন কমিশনের উল্লিখিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪/৩/২১
(মো: আবুজাফর রিপন)
উপসচিব
ফোন : ৯৫১৪১৯০
up1lgd@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রকল্প পরিচালক, লোকাল গভর্ণ্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩), মতিঝিল, ঢাকা।
২। জেলা প্রশাসক---------------------- সংশ্লিষ্ট জেলা।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি)---------------------সংশ্লিষ্ট জেলা।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)---------------------সংশ্লিষ্ট উপজেলা।
৫। চেয়ারম্যান-----------------------------ইউনিয়ন পরিষদ।

E:\All Documents\Union Parishad-2\General\Note & Letter\Letter-1-345

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.৯৯.০২৪.১৯ (অংশ-২)- ২০৯

তারিখ : ১০ চৈত্র ১৪২৭
২৪ মার্চ ২০২১

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: উপসচিব, নির্বাচন পরিচালনা-২ অধিশাখা]।
২। বিভাগীয় কমিশনার-------------------------বিভাগ।
৩। পরিচালক, স্থানীয় সরকার (ডিএলজি)-----------------------বিভাগ।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। অফিস কপি।

২৪।৩।২১

(মো: আবুজাফর রিপন)
উপসচিব

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব ১) প্রশাসন
২) মহাপরিচালক ২) নগর উন্নয়ন
৩) যুগ্মসচিব ৩) উন্নয়ন
৪) যুগ্মসচিব (পরিকল্পনা) ৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) জভিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নম্বরঃ
তারিখঃ
স্বাক্ষর

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৮.২১-১২২

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৭ / ১০ মার্চ ২০২১

**বিষয়: ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে নির্বাচনি এলাকায় উন্নয়নমূলক প্রকল্প অনুমোদন ও প্রকল্পের অর্থ অনুমোদন না করা এবং নির্বাচন আচরণবিধি পরিপন্থী কার্যক্রম গ্রহণ না করা প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন প্রথম ধাপে ৩৭১টি ইউনিয়ন পরিষদে ১১ এপ্রিল ২০২১ তারিখে নির্বাচন অনুষ্ঠানের জন্য ০৪ মার্চ ২০২১ তারিখে সময়সূচি ঘোষণা করেছেন (সময়সূচির প্রজ্ঞাপন: পরিশিষ্ট-'ক')। অবশিষ্ট ইউনিয়ন পরিষদের নির্বাচনের সময়সূচি পর্যায়ক্রমে ঘোষণা করা হবে। ১ম ধাপের ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন আগামী ১১ এপ্রিল ২০২১ তারিখে অনুষ্ঠিত হবে পর্যায়ক্রমে কয়েক ধাপে ইউনিয়ন পরিষদ নির্বাচন সম্পন্ন করা হবে। ইউনিয়ন পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ (সংলগ্নী-১) এর বিধি ৪ অনুযায়ী নির্বাচন-পূর্ব সময়ে অর্থাৎ নির্বাচনি তফসিল ঘোষণার তারিখ হতে নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের তারিখ পর্যন্ত কোন প্রার্থী বা প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষ হতে রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান নির্বাচন-পূর্ব সময়ে সংশ্লিষ্ট ইউনিয়ন এলাকায় অবস্থিত কোন প্রতিষ্ঠানে প্রকাশ্যে বা গোপনে কোন প্রকার চাঁদা বা অনুদান প্রদান করতে বা প্রদানের অঙ্গীকার করতে পারবেন না। এ বিধিমালার বিধান লংঘন দণ্ডনীয় অপরাধ হিসাবে গণ্য হবে এবং উক্তরূপ অপরাধের জন্য সংশ্লিষ্টগণ উল্লিখিত আচরণ বিধিমালার বিধি ৩১ অনুযায়ী দণ্ডনীয় হবেন।

০২। নির্বাচনকে প্রভাবমুক্ত রাখার লক্ষ্যে নির্বাচন কমিশন ইউনিয়ন পরিষদ নির্বাচন সমাপ্ত না হওয়া পর্যন্ত নির্বাচনি এলাকায় কোন প্রার্থী সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের কোন সম্পত্তি তথা অফিস, যানবাহন, মোবাইল ফোন, টেলিফোন, ওয়াকিটকি বা অন্য কোন সুযোগ সুবিধা নির্বাচনের কাজে ব্যবহার করতে পারবেন না মর্মে নির্দেশনা প্রদান করেছেন। এমনকি মাশুল প্রদান করেও এগুলো ব্যবহার করা যাবে না। ইউনিয়ন পরিষদের কোন কর্মকর্তা/কর্মচারীকে কোন অবস্থাতেই নির্বাচনের কাজে ব্যবহার করা যাবে না। তাছাড়া, কোন প্রার্থী ইউনিয়ন পরিষদের দরপত্র আহবান, গ্রহণ কিংবা বাতিলের বিষয়েও সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন না।

০৩। ইউনিয়ন পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর বিধি ২৫ অনুসারে নির্বাচনকে প্রভাবমুক্ত রাখার লক্ষ্যে নির্বাচন কার্যক্রম সমাপ্ত না হওয়া পর্যন্ত নির্বাচনি এলাকায় নতুন ধরনের কোন প্রকার অনুদান কার্যক্রম স্থগিত রাখতে হবে। একই সাথে নির্বাচনপূর্ব সময়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা সাধারণ ওয়ার্ডের সদস্য বা সংরক্ষিত ওয়ার্ডের সদস্য বা অন্য কোন পদাধিকারী সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ এলাকায় উন্নয়নমূলক কোন প্রকল্প অনুমোদন বা ইতঃপূর্বে অনুমোদিত কোনপ্রকল্পে অর্থঅবমুক্ত বা প্রদান করতে পারবেন না। এ বিষয়ে নির্দেশনা জারি করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে।

০৪। তাছাড়া, নির্বাচনের কার্যক্রম সমাপ্ত না হওয়া পর্যন্ত নির্বাচনি এলাকায় অনুদান/ত্রাণ বিতরণ সংক্রান্ত কার্যক্রম বা উন্নয়নমূলক কোন প্রকল্প অনুমোদন বা উন্নয়নমূলক কোন প্রকল্প অনুমোদন না করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। তবে পূর্বে অনুমোদিত ও চলমান প্রকল্পসমূহের অর্থ অবমুক্ত, অর্থছাড় ও বিল পরিশোধ, অনুমোদিত প্রকল্পের প্রশাসনিক আদেশ জারী, চলমান প্রকল্পের মেয়াদ বৃদ্ধি, প্রকল্পের খাত পরিবর্তন (রাজস্ব-মূলধন) এবং অন্যান্য কার্যক্রম গ্রহণ/কার্যাদি সম্পাদন অথবা আচরণ বিধি প্রতিপালনপূর্বক চলমান প্রকল্পের দৈনন্দিন কার্যক্রম গ্রহণে নির্বাচন কমিশনের সম্মতির প্রয়োজন নেই বলে মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

০৫। বর্ণিতাবস্থায়, মাননীয় নির্বাচন কমিশনের উল্লিখিত নির্দেশনা আলোকে একটি পরিপত্র জারি করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক

১০/৩/২০২১
( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব (নির্বাচন পরিচালনা-২)
ফোন: ৫৫০০৭৫২৫ ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮
০১৭১৬৮৪৬৯৮২ (মোবাইল)
E-mail: ecsemc2@gmail.com

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

C:\Users\sas_emc2\Desktop\UP-General Elections-2021\DO\VGD\City VGD_Letter.doc